

**‘ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২’ দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**


সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  
তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ || ২৮ ফেব্রুয়ারি ২০২২  
সময় : বেলা: ৩.০০ ঘটিকায়।  
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

**সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”**

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। তিনি বলেন, বাংলাদেশের স্বাধীনতার প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের তাৎপর্য অনেক গভীর। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চের প্রদত্ত ভাষণের দিনটিকে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস হিসেবে ঘোষণা এবং দিবসটিকে ‘ক’ শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে পরিপত্র জারি করা হয়েছে।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনায় ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ দিবস জাতীয়ভাবে উদযাপন হবে। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের আশেপাশে ডিএনসিসির আওতাধীন এলাকায় পরিষ্কার পরিচ্ছন্নতাকরণ ও মশার ঔষধ ছিটানোর প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	(ক) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (খ) প্রধান বর্জ্যব্যবস্থাপনা কর্মকর্তা
২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল এন্ট্রি পয়েন্ট ফেস্টুন, ব্যানার দ্বারা সজ্জিত করতে হবে। তোরণ নির্মাণ করে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ লেখা থাকবে হবে।	প্রধান প্রকৌশলী
৩.	ডিএনসিসির নগর ভবনে সকাল ৯.৩০ ঘটিকায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।	সকল বিভাগীয় প্রধান
৪.	০৬ মার্চ ২০২২ খ্রি: থেকে ০৭ মার্চ ২০২২ খ্রি: পর্যন্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল গুরুত্বপূর্ণ স্থাপনা ও স্থানসমূহে আলোকসজ্জা করা হবে। ডিএনসিসির সকল ভবনসমূহ আলোকসজ্জা করা হবে।	প্রধান প্রকৌশলী
৫.	ডিএনসিসি হল রুমে ‘ঐতিহাসিক ৭ই মার্চ’ উদযাপনের লক্ষ্যে বেলা ৩.০০ ঘটিকায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	গঠিত কমিটি



ডিএনসিসি হল রুমে 'ঐতিহাসিক ৭ই মার্চ' উদযাপনের লক্ষ্যে আলোচনা সভার প্রস্তুতি ও বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

- |  |            |
|--|------------|
| ১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ডিএনসিসি                  | -আহ্বায়ক। |
| ২. সচিব, ডিএনসিসি  | -সদস্য।    |
| ৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, ডিএনসিসি                     | -সদস্য।    |
| ৪. মহাব্যবস্থাপক(পরিবহন), ডিএনসিসি                       | -সদস্য।    |
| ৫. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ডিএনসিসি | -সদস্য।    |
| ৬. প্রধান নগরপরিকল্পনাবিদ, ডিএনসিসি                      | -সদস্য।    |
| ৭. সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি                            | -সদস্য।    |

সভাপতি 'ঐতিহাসিক ৭ই মার্চ' ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ সেলিম রেজা  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.১৯২.১৬- ৩৪১)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮  
০৯ মার্চ ২০২২

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ...../সংরক্ষিত আসন নং ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল), .....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. অফিস কপি।